গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়

ময়মনসিংহ

www.mymensingh.gov.bd

ময়মনসিংহ জেলার মে/২০২১ খ্রি. মাসের জেলা আইসিটি কমিটি বিষয়ক সভার কার্যবিবরণীঃ

---

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ এনামুল হক<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৬ মে ২০২১খ্রি. |
| সভার সময় | দুপুর ১২.৩০ ঘটিকা |
| স্থান | অনলাইন (Zoom Software এর মাধ্যমে) |
| উপস্থিতি | ৩১ (একত্রিশ) জন |

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ অনলাইনে সংযুক্ত সভার সকলকে পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা জানিয়ে মে/২০২১ মাসের জেলা আইসিটি সভার কার্যক্রম শুরু করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ গত এপ্রিল/২০২১খ্রি. মাসের সভার কার্যবিবরণীর কোন সংশোধন আছে কি না, তা জানতে চান এবং কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। পরবর্তীতে, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ সদস্য সচিব কে ময়মনসিংহ জেলার আইসিটি কার্যক্রমের উপর বিস্তারিত উপস্থাপনার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব সকলকে পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা জানিয়ে ময়মনসিংহ জেলার আইসিটি কমিটির মাসিক সভার কার্যক্রম পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে তুলে ধরেন। বিস্তারিত উপস্থাপনার পর নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**২. জেলা আইসিটি কমিটি বিষয়ক সভার আলোচ্য বিষয়, সিদ্ধান্ত ও বাস্তবায়নঃ**

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ২.১ | সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পঃ শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পে নতুন করে সারাদেশে ৫০০০ ল্যাব প্রদান করা হবে। উক্ত ল্যাব প্রাপ্তির জন্য প্রকল্প পরিচালক বরাবর মাননীয় সংসদ সদস্যগণ কর্তৃক ১৫টি করে শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বরাবর ডিও লেটারের মাধ্যমে প্রেরণ করা হয়েছে।স্কুল অফ ফিউচার এর জন্য প্রতিটি সংসদীয় আসন থেকে ০১টি করে মোট ৩০০টি শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচিত হবে। ময়মনসিংহ জেলায় ১১টি সংসদীয় আসনের মধ্য থেকে ০৯টি আসন থেকে স্কুল অফ ফিউচার এর জন্য আবেদন প্রেরণ করা হয়েছে। বাকী ০২টি সংসদীয় আসন ময়মনসিংহ-০৪ ও ময়মনসিংহ-০৭ এর স্কুল অফ ফিউচার এর জন্য আবেদন প্রেরণ করা হয়নি মর্মে জানানো হয়। তালিকা প্রেরণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। নতুন ল্যাব বরাদ্দের জন্য প্রকল্প দপ্তর থেকে প্রতি উপজেলার জন্য ০২টি করে ল্যাবের বেসলাইন সার্ভে সম্পন্ন করে ১২মে ২০২১খ্রি. তারিখে তালিকা প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়েছে। | ল্যাবসমূহের সুষ্ঠু ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও মেরামত এবং পরিচালনা সংক্রান্ত উপজেলা ল্যাব পরিচালনা কমিটির তদারকি জোরদার করতে হবে। ল্যাব মনিটরিং এর জন্য সহকারী প্রোগ্রামারগণ নিয়মিত পরিদর্শন এবং রিপোর্ট প্রেরণ অব্যাহত রাখবে।<br>০২টি সংসদীয় আসন ময়মনসিংহ-০৪ ও ময়মনসিংহ-০৭ এর স্কুল অফ ফিউচার এর তালিকা মাননীয় সংসদ সদস্যদের নিকট হতে সংগ্রহ পূর্বক প্রকল্প দপ্তরে দ্রুত প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (ময়মনসিংহ সদর ও ত্রিশাল, ময়মনসিংহ)<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী কমিশনার (আইসিটি) |
| ২.২ | ভিডিও কনফারেন্সঃ ময়মনসিংহ জেলায় সর্বমোট ২০টি ভিডিও কনফারেন্স সিস্টেম রয়েছে। বর্তমানে ১৫টি ভিডিও কনফারেন্স সিস্টেম সচল রয়েছে।<br>এর মধ্যে ১৩টি উপজেলার ৪টি ভিডিও কনফারেন্স সিস্টেম অচল অবস্থায় রয়েছে। মে/২০২১খ্রি. মাসে এখন পর্যন্ত ০৪ (চার) টি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। | যে সকল উপজেলা/দপ্তরে ভিডিও কনফারেন্স সিস্টেম সচল নেই,জরুরি ভিত্তিতে সে সকল উপজেলা/দপ্তর এর ভিডিও কনফারেন্স সিস্টেম সচল করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। নষ্ট ভিডিও কনফারেন্স সিস্টেম/ যন্ত্রাংশসমূহ প্রতিস্থাপনের জন্য নির্বাহী পরিচালক বরাবর পত্র প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>বিভাগীয় প্রকৌশলী ,বিটিসিএল, ময়মনসিংহ<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী প্রোগ্রামার<br><br>ডেপুটি ম্যানেজার<br><br>ফাইবার@হোম লিমিটেড ময়মন সিংহ |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | কানেক্টিভিটিঃ ইনফো সরকার ফেজ-২ প্রকল্পের মাধ্যমে ময়মনসিংহ জেলায় মোট ৪৫২টি অফিসে ২ MBPS করে ইন্টারনেট প্রদান করা হয়েছে। সকল অফিসে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ এর ব্যাপারে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য বিটিসিএল এবং ফাইবার@হোম এর প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়। সদস্য সচিব সভাকে এই মর্মে অবহিত করেন যে, ই-নথি প্রশিক্ষণ চলাকালে গফরগাঁও এবং ঈশ্বরগঞ্জ উপজেলার কয়েকজন কর্মকর্তা জানান যে, তাদের উপজেলায় ইনফো সরকার-২ প্রকল্পের সংযোগটি দীর্ঘদিন যাবৎ অচল অবস্থায় আছে এবং দাপ্তরিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। | ইনফো সরকার ২য় পর্যায় প্রকল্পের আওতায় সকল উপজেলার অফিসসমূহের ইন্টারনেট সংযোগের বিস্তারিত তথ্য ও উপাত্ত সমূহ আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও গফরগাঁও এবং ঈশ্বরগঞ্জ উপজেলার ইনফো সরকার-২ এর ইন্টারনেট সংযোগ দ্রুত মেরামত করার জন্য ফাইবার@হোম, ময়মনসিংহ অঞ্চল এর প্রতিনিধিকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>বিটিসিএল<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী প্রোগ্রামার (সকল)<br><br>ফাইবার@হোম, ময়মনসিংহ অঞ্চল এর প্রতিনিধি |
| ২.৪ | <u>ইনফো সরকার-৩য় পর্যায় প্রকল্পঃ</u> ইনফো সরকার ফেজ-৩ এর মাধ্যমে ময়মনসিংহ জেলার ১৪৬টি ইউনিয়নের মধ্যে ১০৭টি ইউনিয়নে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদানের কার্যক্রম চলমান রয়েছে (৯৫টি ইউনিয়নে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে এবং এর মধ্যে ৮৮টি ইউনিয়নে ওয়াইফাই চালু হয়েছে)। ১০৩ টি ইউনিয়নে ডিভাইস সেট আপ হয়েছে এবং কার্যকর হয়েছে ৯১টি। ডিভাইস সেট আপ ইউনিয়ন পর্যায়ে Up without alarm-৬টি, Up with minor alarm-১৩টি, UP with major alarm-৫৬টি, Down-২৮টি দেখাচ্ছে। এখানে তাদের তথ্য মতে ২১টিতে সংযোগ এখনও দেয়া হয়নি। করোনা পরিস্থিতির কারণে ইউনিয়নে ইন্টারনেট গতিসহ তথ্য-উপাত্ত উদ্যোক্তাদের কাছ থকে এখন পর্যন্ত পাওয়া যায়নি। উদ্যোক্তাদের কাছ থেকে তথ্য-উপাত্ত নিয়ে আগামী মাসে উপস্থাপন করার বিষয়ে আলোচনা করা হয়। | আগামী মাসিক আইসিটি সভায় ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের মাধ্যমে ইউনিয়ন ভিত্তিক ইন্টারনেট ব্যবহারের তথ্য-উপাত্ত উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী প্রোগ্রামার (সকল)<br><br>সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প)<br><br>সামিট কমিউনিকেশনস্ লি.,ময়মনসিংহ এর প্রতিনিধি |

| | | | |
|---|---|---|---|
| ২.৫ | ই-নথি বাস্তবায়ন ও প্রশিক্ষণঃ ২০২০-২০২১ অর্থ বছরে জেলা পর্যায়ে ৩০ সেপ্টেম্বর ২০২০খ্রি. তারিখ হতে ০২ (দুই) দিনব্যাপী ০৩টি ব্যাচের মাধ্যমে ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আরোও ০২টি ব্যাচের তালিকা প্রশিক্ষণের জন্য প্রস্তুত রয়েছে। এছাড়াও, গত ১২ এপ্রিল ২০২১খ্রি. তারিখ হতে শুরু হয়ে আরোও ০৮ টি ব্যাচে ২৫ জন করে ২০০ জন এবং ০২টি ব্যাচে ৩০জন করে ৬০ জন মোট ২৬০ জনের প্রশিক্ষণ গত ০৫মে ২০২১খ্রি. তারিখে সম্পন্ন হয়েছে। বর্তমানে জেলা পর্যায়ে ৭৪টি এবং উপজেলা পর্যায়ে ১১৯টি সহ মোট ১৯৩টি অফিস ই-নথি লাইভে আছে।এছাড়াও জেলা পর্যায়ে ০৩টি ব্যাচে প্রতি ব্যাচে ২৫ জন করে ৭৫ জন কে ই-নথি প্রশিক্ষণ প্রদান করা হবে। ই-নথি সিস্টেমের জরুরী মানোন্নয়ন কার্যক্রম চলছে বিধায় জেলা পর্যায়ে সরকারি অফিসের ই-নথির অবস্থান তুলে ধরা যাচ্ছে না। | ই-নথি কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্রশিক্ষণ প্রাপ্ত অফিসসমূহ দ্রুত লাইভে নিয়ে আসতে হবে। জেলা ও উপজেলা কার্যালয়ের ই-নথি কার্যক্রম গতিশীল করার জন্য যে সকল সরকারি অফিস লাইভে আছে সে সকল অফিসকে তাগিদ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী প্রোগ্রামার (সকল) |
| ২.৬ | জেলা ও উপজেলা আইসিটি কমিটির নিয়মিত সভার আয়োজনের ব্যবস্থাঃ উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী প্রোগ্রামারগণকে উপজেলা আইসিটি কমিটির মাসিক সভা নিয়মিত আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। আইসিটি ব্যবহার করে Whatsap, Zoom, Google Meet ইত্যাদির মাধ্যমে সভা করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি, সদস্য সচিবকে আইসিটি অধিদপ্তরের উপজেলার সকল সহকারী প্রোগ্রামারগণকে নিয়ে তাঁর উপস্থিতিতে জেলা মাসিক সমন্বয় সভা করার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়াও উপজেলা পর্যায়ে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের নিয়ে প্রতিমাসে মতবিনিময় সভা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করা হয়। | প্রতি মাসে উপজেলা আইসিটি কমিটির সভার আয়োজনের পাশাপাশি কার্যকরী উদ্যোগ গ্রহণ করা এবং উপজেলা আইসিটি কমিটির কার্যবিবরণী জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এ প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। আইসিটি অধিদপ্তরের সকল সহকারী প্রোগ্রামারগণকে নিয়ে জেলা মাসিক সমন্বয় সভা আয়োজন করতে হবে। উপজেলা পর্যায়ে উদ্যোক্তাদের সাথে প্রতি মাসে মতবিনিময় সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। সকল সভা আইসিটি ব্যবহার করে Whatsap, Zoom, Google Meet ইত্যাদির মাধ্যমে করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>সহকারী প্রোগ্রামার (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ২.৭ | ওয়েব পোর্টাল হালনাগাদকরণ সংক্রান্তঃ জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদের মাসিক অবস্থান এবং বিশেষ করে যে সকল সরকারি অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ অপেক্ষাকৃত কম হয়েছে সেগুলোর অবস্থান তুলে ধরা হয়। আগামী মাসে আইসিটি সভায় সর্বশেষ ০৩(তিন) মাসের অবস্থা তুলে ধরতে হবে। জেলা পর্যায়ে ২০(বিশ)টি সরকারি অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ চিত্র তুলে ধরা এবং সংশ্লিষ্ট অফিস এর অফিস প্রধান কে সভায় সংযুক্ত হওয়ার বিষয়ে আলোচনা হয়। একই সাথে উপজেলা পর্যায়ে ০১টি বা ০২টি উপজেলার সরকারি অফিসের এর ওয়েব পোর্টালের অবস্থা চিত্র সহকারে তুলে ধরার বিষয়ে আলোচনা হয়। | জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ কার্যক্রম গতিশীল করার জন্য ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (TIB) কর্তৃক যাচাইকৃত তালিকার আলোকে প্রতিবেদনসহ পুনঃরায় তাগিদ পত্র প্রেরণ করার পরও যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ অগ্রগতি হচ্ছে না সে সকল দপ্তর প্রধানদের এ বিষয়ে অবগত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । উপজেলা ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সকল দপ্তরকে জরুরী ভিত্তিতে উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ওয়েব পোর্টাল হালনাগাদের সচিত্র প্রতিবেদন অবস্থা আগামী মাসিক জেলা উন্নয়ন সমন্বয় সভা এবং জেলা আইসিটি কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>দপ্তর প্রধান (সকল)<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>প্রোগ্রামার<br>সহকারী কমিশনার (আইসিটি)<br>সহকারী প্রোগ্রামার (সকল) |

৩.অতঃপর, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে শুভ কামনা এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ এনামুল হক
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ৫৬.০৪.৬১০০.০০০.০৬.০০১.১৯.৬

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮
০৭ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সংসদ সদস্য (সকল), ময়মনসিংহ
২) পুলিশ সুপার, ময়মনসিংহ
৩) সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, জেলা সিভিল সার্জনের কার্যালয়, ময়মনসিংহ
৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, জেলা পরিষদ, ময়মনসিংহ
৫) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
৬) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ
৭) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ
৮) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
১০) অধ্যক্ষ, আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ
১১) অধ্যক্ষ, মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ

১২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ

১৩) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ

১৪) উপ পরিচালক, জেলা সমাজ সেবা অফিস, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ

১৫) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, ময়মনসিংহ

১৬) বিভাগীয় প্রকৌশলী, বিটিসিএল, ময়মনসিংহ

১৭) অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ময়মনসিংহ

১৮) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ

১৯) প্রধান শিক্ষক, ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ

২০) সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ময়মনসিংহ

২১) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প, বিসিসি

২২) জনাব ফারামার্জ আল নূর রাজিব, এডভোকেট, জজ কোর্ট, ময়মনসিংহ

২৩) জনাব হুমায়ুন কবীর, ডেপুটি ম্যানেজার, ফাইবার@হোম লিমিটেড, ময়মনসিংহ

২৪) জনাব বুলবুল হোসেন, সাধারণ সম্পাদক, আইসিটি ডেভেলপমেন্ট ফোরাম

২৫) জনাব মোঃ খুরশীদ আলম, সাধারণ সম্পাদক, আইসিটি শিক্ষক ফোরাম, ময়মনসিংহ।

২৬) জনাব মোঃ মোখলেছুর রহমান, পরিচালক, আনন্দ মাল্টিমিডিয়া, ময়মনসিংহ

২৭) জনাব সামিউল মামুন, এসিট্যান্ট ম্যানেজার, সামিট কমিউনিকেশন লিমিটেড, ময়মনসিংহ

২৮) জনাব এস এ এম বশির, CTO, অনিক কম্পিউটার নেটওয়ার্ক, ময়মনসিংহ

২৯) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

নূরে আলম সিদ্দীকী
প্রোগ্রামার